ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৫৭২
খোয়াই, ২৮ আগস্ট, ২০২৫

**প্রধানমন্ত্রী আবাস যোজনা (গ্রামীণ)**
**খোয়াই জেলায় ৩৯,৪১১ জন সুবিধাভোগীকে ঘর প্রদান**

খোয়াই জেলা প্রশাসনের উদ্যোগে প্রধানমন্ত্রী আবাস যোজনা-গ্রামীণ প্রকল্পের মাধ্যমে এখন পর্যন্ত জেলার ৬টি ব্লকে মোট ৩৯,৪১১ জন সুবিধাভোগীকে গৃহ নির্মাণ করে দেওয়া হয়েছে। তাতে খোয়াই ব্লক এলাকায় ৭,৭৫৫টি পরিবার, পদ্মবিল ব্লকে ৫,৪১০টি পরিবার, তুলাশিখর ৭,৫২৬টি পরিবার, কল্যাণপুর ব্লকে ৬,২৫৭টি পরিবার, মুঙ্গিয়াকামী ব্লকে ৩,৯২৩টি পরিবার ও তেলিয়ামুড়া ব্লকে ব্লকে ৮,৫৪০টি পরিবার উপকৃত হয়েছে। প্রতিটি গৃহ নির্মাণে ১ লক্ষ ৩০ হাজার টাকা কর ব্যয় হয়েছে বলে জেলা শাসক কার্যালয় থেকে এ সংবাদ জানানো হয়েছে।

*****